



রাজস্ব অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স (২য় ও ৫ম তলা)
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.rad.org.bd



নং-৮২.০৭.০০০০.০৭১.৯৯.০০১.১৯.৯১১

তারিখ : ০২-১১-২০২০ খ্রি.

অফিস আদেশ

ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে ই-নথি বাস্তবায়নে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ০৭ (সাত) কোড এবং ১৮ (আঠারো) ডিজিট বিশিষ্ট ডিজিটাল নথি নম্বর প্রবর্তন করা হয়েছে। কম্পিউটার প্রযুক্তি ব্যবহার করে নথির সুষ্ঠু সংরক্ষণ ও নথির গোপনীয়তা রক্ষার্থে এ আধুনিক নথি নম্বর পদ্ধতিটি চালু করা হয়েছে। সিএজি কার্যালয়কে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রথম অবস্থানে ব্যবহারের লক্ষ্যে '৮-২' কোড এবং দ্বিতীয় অবস্থানে ব্যবহারে জন্য সিএজি কার্যালয় এ অধিদপ্তরকে '০৭' কোডটি বরাদ্দ করেছেন। ইতোমধ্যে ০১-১১-২০২০ ও ০২-১১-২০২০ খ্রি. তারিখে এ কার্যালয়ে এ সংক্রান্ত ইন-হাউজ ট্রেনিং এর আয়োজন করা হয়েছে। উল্লেখ্য, সিএজি কার্যালয়ের নির্দেশনা মোতাবেক আগামী ০৮-১১-২০২০ খ্রি. তারিখ হতে সিএজি/অন্যান্য কার্যালয়ে ডিজিটাল নম্বর ও ইউনিকোড ব্যবহার ব্যতীত কোন পত্র প্রেরণ করা যাবে না। বিষয়টি অতীব জরুরী। এমতাবস্থায়, এ অধিদপ্তরের বিভিন্ন শাখার নথিসমূহ ডিজিটাল নম্বর ও ইউনিকোড ব্যবহার করে নথির তালিকা প্রস্তুত করত: আগামী ০৮-১১-২০২০ খ্রি. তারিখের মধ্যে মহাপরিচালক মহোদয় বরাবর পেশ করার জন্য আদিষ্ট হয়ে নির্দেশ প্রদান করা হলো।

১ম ও ২য় অবস্থান	৩য় অবস্থান	৪র্থ অবস্থান-৩ ডিজিট (শাখার কোড)		৫ম অবস্থান-২ ডিজিট (বিষয় ভিত্তিক কোড)	৬ষ্ঠ অবস্থান-৩ ডিজিট (রেজিস্টারের নথি নাম্বার)	৭ম অবস্থান - সন-২ ডিজিট (বছর ভিত্তিক)
(১)	(২)	(৩)		(৪)	(৫)	(৬)
৮২.০৭	প্রধান কার্যালয়-০০০০ সিআরএডি, ঢাকা-০০০১ সিআরএডি, চট্টগ্রাম-০০০২ সিআরএডি, বেনাপোল-০০০৩	প্রশাসন-১ শাখা	০৭১	সংশ্লিষ্ট উপপরিচালক ও এ এন্ড এও নির্ধারণ করবেন।	বিষয় ও সন ভিত্তিক নথি নম্বর ইন- হাউজ ট্রেনিং এর নির্দেশনা মোতাবেক নির্ধারণ করতে হবে।	যে সনে নথি খোলা হয়েছে তার শেষ ২ ডিজিট।
		প্রশাসন-২ শাখা	০৭২			
		আয়কর-১ শাখা	০৭৩			
		আয়কর-২ শাখা	০৭৪			
		মুসক-১ শাখা	০৭৫			
		মুসক-২ শাখা	০৭৬			
		রিপোর্ট শাখা	০৭৭			
		স্টোর শাখা	০৭৮			
		আইসিইউ শাখা (প্রস্তাবিত)	০৭৯			
		পিএ টু ডিজি	০৮০			
		পিএ টু পরিচালক	০৮১			
		অডিট প্রোগ্রাম সেল শাখা (প্রস্তাবিত)	০৮২			
		মামলা সেল (প্রস্তাবিত)	০৮৩			
		সিআরএডি অফিসসমূহের শাখার কোড কর্মরত এএন্ডএও নির্ধারণ করবেন।	--			

স্ব/=
(এ, কে, এম কবিরুল হুদা)
পরিচালক
ফোন : ৮৩৯২৬০২।


E. Drive/joyonto/super/doc.

নংঃ ৮২.০৭.০০০০.০৭১.৯৯.০০১.১৯-১১৪৬

তারিখ : ০২-১১-২০২০ খ্র.

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। উপপরিচালক (সকল)।
- ০২। সিআরএডি, কাস্টমস হাউজ, ঢাকা/চট্টগ্রাম/ বেনাপোল।
- ০৩। শাখা।
- ০৪। পিএ-টু-মহাপরিচালক।
- ০৫। পিএ-টু-পরিচালক।
- ০৬। অফিস কপি/গার্ড ফাইল।



(মোঃ মফিজুল ইসলাম) ২১/১১/২০২০

অডিট এন্ড একাউন্টস অফিসার
প্রশাসন-১ শাখা।